গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
প্রশাসন-৩ শাখা
www.msw.gov.bd

## সমাজকল্যাণ মন্ত্রণালয়ের নভেম্বর/২০২৫ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. মোহাম্মদ আবু ইউছুফ<br>সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয় |
| তারিখ ও সময় | : | ২৮ ডিসেম্বর ২০২৫, সকাল ১১.৩০ ঘটিকা |
| সভার স্থান | : | সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ |
| সভায় উপস্থিতি | : | পরিশিষ্ট-ক |

০২। সভায় সর্বসম্মতিক্রমে গত মাসের সমন্বয় সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।

০৩। **সভায় উপস্থাপিত বিষয়:**

(ক) গত ২৬ নভেম্বর ২০২৫ তারিখে অনুষ্ঠিত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন ও অগ্রগতি পর্যালোচনা;
(খ) পদ সৃষ্টি ও শূন্যপদ পূরণ বিষয়ে আলোচনা;
(গ) নিষ্পন্ন-অনিষ্পন্ন কার্যক্রম সম্পর্কে আলোচনা;
(ঘ) বিভিন্ন অনুবিভাগের উল্লেখযোগ্য কার্যক্রম ও সমস্যা সম্পর্কিত পর্যালোচনা;
(ঙ) অধিদপ্তর/সংস্থাসমূহের উল্লেখযোগ্য কার্যক্রম/সমস্যা/সংকট/চ্যালেঞ্জ বিষয়ক পর্যালোচনা;
(চ) ডি-নথি কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা;
(ছ) আদালতে চলমান মামলা পরিচালনা পর্যালোচনা;
(জ) বিবিধ।

০৪। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ) আলোচ্যসূচি মোতাবেক সভার কার্যক্রম উপস্থাপন করেন।

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১. | সভাপতির নির্দেশনা | (ক) সভায় কার্যপত্রে উল্লেখযোগ্য মেজর এজেন্ডা, নতুন এজেন্ডা এবং নিয়মিত এজেন্ডা (যেমন- ভাতা, শূন্যপদ, আইন, মামলা, Contempt of Court ইত্যাদি) বিষয়গুলো সমন্বয় সভায় এজেন্ডাভুক্ত করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।<br><br>(খ) সভাপতি বলেন, এনডিডি অটিজম স্কুলের সার্ভের বিষয়ে অতিরিক্ত সচিব (প্রতিষ্ঠান ও প্রতিবন্ধিতা) এবং অতিরিক্ত সচিব (সামাজিক নিরাপত্তা কার্যক্রম ও মূল্যায়ন) তার অধীনস্ত কার্যক্রমের গুরুত্বপূর্ণ বিষয় সমন্বয় সভার পূর্বে কার্যপত্রে এজেন্ডা হিসেবে আনতে হবে।<br><br>(গ) অডিট আপত্তি, বকেয়া বিল এবং অন্যান্য সকল কার্যক্রমের ক্ষেত্রে ভূতাপেক্ষ শব্দটি ব্যবহার না করার বিষয়ে সভাপতি নির্দেশনা প্রদান করেন। | (ক) সভায় কার্যপত্রে উল্লেখযোগ্য মেজর এজেন্ডা, নতুন এজেন্ডা এবং নিয়মিত এজেন্ডা (যেমন- ভাতা, শূন্যপদ, আইন, মামলা, কনটেম্প্ট অব কোর্ট ইত্যাদি) গুরুত্বপূর্ণ বিষয়গুলো সমন্বয় সভায় এজেন্ডাভুক্ত করতে হবে।<br><br>(খ) এনডিডি অটিজম স্কুলের সার্ভের বিষয়ে অতিরিক্ত সচিব (প্রতিষ্ঠান ও প্রতিবন্ধিতা) এবং অতিরিক্ত সচিব (সামাজিক নিরাপত্তা কার্যক্রম ও মূল্যায়ন) তার অধীনস্ত কার্যক্রমের গুরুত্বপূর্ণ বিষয় সমন্বয় সভার পূর্বে কার্যপত্রে এজেন্ডা হিসেবে আনতে হবে।<br><br>(গ) অডিট আপত্তি, বকেয়া বিল এবং অন্যান্য সকল কার্যক্রমের ক্ষেত্রে ভূতাপেক্ষ শব্দটি ব্যবহার করা যাবে না। | প্রশাসন অনুবিভাগ, প্রতিষ্ঠান ও প্রতিবন্ধিতা অনুবিভাগ, সামাজিক নিরাপত্তা, কার্যক্রম ও মূল্যায়ন অনুবিভাগ, এবং পরিকল্পনা ও উন্নয়ন অধিশাখা |



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | (ঘ) যে ৩-৪টি মেজর প্রকল্প রয়েছে, তার কি কি সমস্যা আছে তা তুলে ধরার জন্য এবং সমন্বয় সভায় নতুন এজেন্ডা হিসেবে কার্যপত্রে আনতে যুগ্মসচিব (পরিকল্পনা ও উন্নয়ন) কে সহায়তা করার নির্দেশনা প্রদান করেন। | (ঘ) যে ৩-৪টি মেজর প্রকল্প রয়েছে, তার কি কি সমস্যা আছে তা তুলে ধরা এবং সমন্বয় সভায় নতুন এজেন্ডা হিসেবে কার্যপত্রে আনতে হবে। | |
| ০২. | পদ সৃষ্টি ও শূন্য পদ পূরণ: | (ক) সমাজকল্যাণ মন্ত্রণালয়ের জনবল এবং শূন্য পদ নিয়ে সভায় আলোচনা হয়। | সকল পর্যায়ের নিয়োগ কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। | প্রশাসন অধিশাখা, উপসচিব (প্রশাসন-১) |
| | | (খ.১) সমাজসেবা অধিদপ্তরের জনবল এবং শূন্য পদ নিয়ে সভায় আলোচনা হয়।<br><br>(খ.২) জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে ৮২০ পদের অনুমোদন পাওয়ার পর ১ম ধাপে ২০২টি পদ সৃজনপূর্বক নিয়োগ সম্পন্ন হয়েছে। ২য় ধাপে ৯৮টি পদের অনুমোদন পাওয়া গিয়েছে। ৩য় ধাপে অবশিষ্ট ৫২০টি পদ সৃজনের জন্য পুনরায় উদ্যোগ গ্রহণ করা হচ্ছে। ৫২০টি পদ সৃজন হলে অধিদপ্তরের জনবলের ঘাটতি পূরণ হবে। অতিরিক্ত সচিব (বাজেট, কার্যক্রম ও মূল্যায়ন) সভাকে জানান, সমাজসেবা অধিদপ্তরের বিপুল সংখ্যক পদ খালি রয়েছে। এ বিষয়ে সভাপতি বলেন, আপাতত আউটসোর্সিং পদ্ধতিতে নিয়োগ দিয়ে কার্যক্রম পরিচালনা করা এবং নিয়োগ প্রদানের নিমিত্ত সকল কাজ গুছিয়ে রাখার বিষয়ে মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর- কে নির্দেশনা প্রদান করা হয়েছে।<br><br>(খ.৩) যুগ্মসচিব (প্রশাসন) জানান, ট্রানজিট শেল্টারহোম, শার্শা, যশোর স্থাপন শীর্ষক চলমান প্রকল্পের বিষয়ে সচিব মহোদয়ের সভাপতিত্বে একটি সভা হয়েছে। উক্ত সভায় কি পরিমাণ জনবল লাগবে তা পরিচালক (প্রশাসন ও অর্থ) কে মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশনা দেয়া হয়। সভাপতি বলেন, আগামী সভায় এটি এজেন্ডাভুক্ত করতে হবে। এই প্রকল্পটি শেষ হয়ে গেলেও যেন বন্ধ না হয়। সভাপতি আরও বলেন, অনেক অবকাঠামো থাকা সত্ত্বেও জনবল সংকট রয়েছে। | (খ.১) সমাজসেবা অধিদপ্তরের নিয়োগ কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে।<br>(খ.২) জনপ্রশাসন মন্ত্রণালয়ের চেকলিস্ট অনুযায়ী অবশিষ্ট ৫২০টি পদ সৃজনের প্রস্তাব প্রেরণ করতে হবে। | সমাজসেবা অধিদপ্তর, প্রশাসন-১ অধিশাখা এবং প্রশাসন-১ ও ৪ |
| | | (গ) জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন এর আওতাধীন 'শহীদ ফারহান ফাইয়াজ খেলার মাঠ'-এর জনবল কাঠামো অনুমোদনের বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় হতে কিছু বিষয়ে আপত্তি জানিয়ে প্রস্তাব মন্ত্রণালয়ে ফেরত এসেছে। আপত্তির জবাব প্রস্তুতের জন্য জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশনে কার্যক্রম চলমান রয়েছে। | জনপ্রশাসন মন্ত্রণালয়ের আপত্তির জবাব দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | প্রতিষ্ঠান ও প্রতিবন্ধিতা অনুবিভাগ এবং জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন |
| | | (ঘ) বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের ২৫ (পঁচিশ)টি পদ অস্থায়ীভাবে রাজস্বখাতে সৃজনের নিমিত্ত অর্থবিভাগ প্রণীত চেকলিস্ট অনুযায়ী প্রস্তাব ০৩ নভেম্বর ২০২৫ তারিখে অর্থ বিভাগে প্রেরণ করা হয়েছে। | বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের ২৫ (পঁচিশ)টি পদ অস্থায়ীভাবে রাজস্বখাতে সৃজনের বিষয়ে অর্থবিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তার সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ এবং প্রশাসন-৫ শাখা |



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | সভাপতি বলেন, বাংলাদেশ রিহ্যাবিলিটেশন কাউন্সিলের নির্বাহী কমিটি এবং কাউন্সিল সভা করতে হবে। কাউন্সিল সভার এজেন্ডা ঠিক করার জন্য রেজিস্ট্রার (যুগ্মসচিব)-কে নির্দেশনা প্রদান করেন। এছাড়া, বাংলাদেশ রিহ্যাবিলিটেশন কাউন্সিলের ১৭টি পদের জনবল নিয়োগের ক্ষেত্রে জনাব মুছাম্মৎ শাহীনা আক্তার, পরিচালক, এনডিডি ট্রাস্ট এর পরামর্শ নেওয়ার বিষয়ে নির্দেশনা প্রদান করেন। | বাংলাদেশ রিহ্যাবিলিটেশন কাউন্সিলের ১৭টি পদের জনবল নিয়োগের ক্ষেত্রে জনাব মুছাম্মৎ শাহীনা আক্তার, পরিচালক, এনডিডি ট্রাস্ট এর পরামর্শ নিয়ে দ্রুত নিয়োগ কার্যক্রম শুরু করতে হবে। | প্রশাসন অনুবিভাগ এবং বাংলাদেশ রিহ্যাবিলিটেশন কাউন্সিল |
| ০৩. | পেন্ডিং তালিকা | (ক) পেন্ডিং বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | (ক) পেন্ডিং তালিকা প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। | অতিরিক্ত সচিব (সকল) ও অধিদপ্তর/ সংস্থা (সকল) |
| | | (খ) বিদ্যমান শিশু আইন, ২০১৩ নতুন করে প্রণয়ন/সংশোধনের নিমিত্ত সমাজকল্যাণ মন্ত্রণালয়ের প্রশাসন অনুবিভাগের অতিরিক্ত সচিব এর নেতৃত্বে, সমাজকল্যাণ মন্ত্রণালয়ের যুগ্মসচিব (আইন ও সংস্থা অধিশাখা) ও সমাজসেবা অধিদপ্তর, জননিরাপত্তা বিভাগ, আইন ও বিচার বিভাগ, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এবং ইউনিসেফ এর প্রতিনিধির সমন্বয়ে ০৭ (সাত) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়েছে। সভাপতি বলেন, কমিটির সদস্যদের সাথে যোগাযোগপূর্বক অতিরিক্ত সচিব (প্রশাসন) এ বিষয়ে সভা করে আগামী সমন্বয় সভায় অগ্রগতি জানাবেন। | (খ) বিদ্যমান শিশু আইন, ২০১৩ সংশোধন করার জন্য গঠিত কমিটির সভা করে আগামী সমন্বয় সভায় অগ্রগতি উপস্থাপন করতে হবে। | প্রশাসন অনুবিভাগ, সমাজসেবা অধিদপ্তর এবং আইন ও বিধি শাখা |
| | | (গ) হাসপাতাল সমাজসেবা কার্যক্রম বাস্তবায়ন নীতিমালায় সন্নিবেশিত সমাজকল্যাণ মন্ত্রণালয় এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সাথে সমঝোতা স্মারকপত্রের বিষয়ে মন্ত্রণালয় হতে ০৭ ডিসেম্বর ২০২৫ তারিখে একটি কমিটি গঠন করা হয়েছে৷ কমিটির সভা ০৪ জানুয়ারি ২০২৬ তারিখে আহ্বান করা হয়েছে৷ | (গ) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় সাথে হাসপাতাল সমাজসেবা কার্যক্রম নিয়ে সমঝোতা স্মারকপত্র (MoU) এর বিষয়ে দ্রুত সভা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সামাজিক নিরাপত্তা কার্যক্রম ও মূল্যায়ন অনুবিভাগ এবং সমাজসেবা অধিদপ্তর |
| | | (ঘ) ক্যান্সার, কিডনী, লিভার সিরোসিস, স্ট্রোকে প্যারালাইজড ও জন্মগত হৃদরোগীদের আর্থিক সহায়তা কর্মসূচি বাস্তবায়ন নীতিমালা-২০২৪ বিষয়ে কমিটি গঠন করা হয়েছে। আগামী ০৩ কার্যদিবসের মধ্যে নোটিশ ইস্যু করার বিষয়ে সভায় আলোচনা হয়। | (ঘ) ক্যান্সার, কিডনী, লিভার সিরোসিস, স্ট্রোকে প্যারালাইজড ও জন্মগত হৃদরোগীদের আর্থিক সহায়তা কর্মসূচি বাস্তবায়ন নীতিমালা-২০২৪ বিষয়ে কমিটির সভা আহ্বান করতে হবে। | সামাজিক নিরাপত্তা কার্যক্রম ও মূল্যায়ন অনুবিভাগ এবং সমাজসেবা অধিদপ্তর |
| | | (ঙ) বয়স্ক ভাতা কর্মসূচি বাস্তবায়নের খসড়া নীতিমালাটি দীর্ঘদিন পূর্বে প্রণীত হওয়ায় তা পুনঃপর্যালোচনার জন্য মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর কে অনুরোধ করা হয়েছে। | (ঙ) বয়স্ক ভাতা কর্মসূচি বাস্তবায়ন নীতিমালার খসড়া পুনঃপর্যালোচনা করে আগামী ১৫ জানুয়ারি ২০২৬ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | সামাজিক নিরাপত্তা কার্যক্রম ও মূল্যায়ন অনুবিভাগ এবং সমাজসেবা অধিদপ্তর |
| | | (চ) সভায় আইন ও বিধি শাখার উপসচিব বলেন, **জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন বিধিমালা, ২০২৫** মেজর চেঞ্জ হওয়ায় লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ হতে ভেটিংকৃত বিধিমালাটি যাচাইপূর্বক লেজিসলেটিভ ও সংসদ | **জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন বিধিমালা, ২০২৫ এর মেজর চেঞ্জ বিষয়ে** লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের প্রতিনিধির সাথে বসে আমরা কি চাচ্ছি কেন চাচ্ছি | প্রশাসন অনুবিভাগ, সমাজসেবা অধিদপ্তর এবং আইন ও বিধি শাখা |



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | বিষয়ক বিভাগে পুনরায় ভেটিং এর জন্য প্রেরণ করার কার্যক্রম চলমান। সভাপতি বলেন, **জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন বিধিমালা, ২০২৫ এর মেজর চেঞ্জ বিষয়ে** লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের প্রতিনিধির সাথে বসে আমরা কি চাচ্ছি কেন চাচ্ছি ব্যাখ্যা করে ভেটিং এর জন্য পাঠাইতে হবে। | ব্যাখ্যা করে ভেটিং এর জন্য পুনরায় পাঠাইতে হবে। | |
| ০৪. | ডিজিটাল নথি ব্যবস্থাপনা | (ক) সমাজকল্যাণ মন্ত্রণালয়ের ডি-নথি ব্যবস্থাপনা কার্যক্রমের লক্ষ্যমাত্রা ৯০%-এ রাখা, বড় কোনো নথি ব্যতীত সকল নথির কার্যক্রম ডি-নথি ব্যবস্থাপনায় সম্পন্ন করার নির্দেশনা প্রদান করেন।<br>(খ) ডি-নথি ব্যবস্থাপনা নিয়ে প্রশিক্ষণ দেয়ার বিষয়ে নির্দেশনা প্রদান করেন।<br>(গ) সভাপতি বলেন, অর্থ মন্ত্রণালয় যেভাবে ডি-নথির শাখাভিত্তিক কার্যক্রম উপস্থাপন করে সেভাবে সিস্টেম এনালিস্টকে সভায় উপস্থাপন করার বিষয়ে আলোচনা হয়। | (ক) মন্ত্রণালয়সহ সকল অধিদপ্তর/ সংস্থাকে আবশ্যিকভাবে ডি-নথি ব্যবস্থাপনা কার্যক্রমের লক্ষ্যমাত্রা ৯০%-এ রাখতে হবে।<br>(খ) ডি-নথি ব্যবস্থাপনা নিয়ে প্রশিক্ষণ প্রদান করতে হবে।<br>(গ) অর্থ মন্ত্রণালয় যেভাবে ডি-নথির শাখাভিত্তিক কার্যক্রম উপস্থাপন করে সেভাবে সিস্টেম এনালিস্টকে সভায় উপস্থাপন করতে হবে। | সকল অধিদপ্তর/সংস্থা প্রধান, মন্ত্রণালয়ের সকল শাখা/ অধিশাখা এবং সিস্টেম এনালিস্ট |
| ০৫. | চলমান মামলা সংক্রান্ত | (ক) সভাপতি চলমান মামলাসমূহ নিষ্পত্তির বিষয়ে আদালতের সাথে নিয়মিত যোগাযোগ রাখতে এবং যে কোন গুরুত্বপূর্ণ বিষয়ে সচিবকে অবগত করার নির্দেশনা প্রদান করেন। তিনি মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তরকে চলমান মামলা অত্যন্ত সতর্কতার সাথে পরিচালনা করার নির্দেশনা দেন। | (ক.১) চলমান মামলার বিষয়ে আদালতের সাথে নিয়মিত যোগাযোগ রাখতে হবে। যেকোন গুরুত্বপূর্ণ বিষয়ে সচিবকে অবগত রাখতে হবে।<br>(ক.২) চলমান মামলার হালনাগাদ তথ্য রাখতে হবে এবং মামলা পরিচালনায় কেস নথি প্রণয়নে সাবধানতা অবলম্বন করতে হবে।<br>(ক.৩) বিভাগ ভিত্তিক মামলার তালিকা রাখতে হবে। | সকল অধিদপ্তর/সংস্থা প্রধান, প্রশাসন অনুবিভাগ এবং মামলা/ সংস্থা শাখা |
| | | (খ) মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থার মামলা পরিচালনার জন্য আইনি পরামর্শ (Consultation Fee), মামলার কাগজপত্র পর্যালোচনা, জবাব/লিখিত বক্তব্য প্রস্তুত, ফাইলিং ফি, আদালতে হাজিরা ও শুনানি, রিট পিটিশন প্রস্তুতসহ অন্যান্য সকল ধাপ পরিচালনার জন্য বিজ্ঞ প্যানেল আইনজীবীগণের সিডিউল অব ফি তৈরি করা প্রয়োজন। সে লক্ষ্যে জেলা ও দায়রা জজ আদালত, উচ্চ আদালত এবং সর্বোচ্চ আদালতের সাথে সুষ্ঠুভাবে মামলা পরিচালনার জন্য বিজ্ঞ প্যানেল আইনজীবীগণের সিডিউল অব ফি তৈরি করে আগামী সমন্বয় সভার পূর্বে মন্ত্রণালয়ে প্রেরণের জন্য সমাজসেবা অধিদপ্তরকে নির্দেশনা প্রদান করা হয়। | (খ) জেলা ও দায়রা জজ আদালত, উচ্চ আদালত এবং সর্বোচ্চ আদালতের সাথে সুষ্ঠুভাবে মামলা পরিচালনার জন্য বিজ্ঞ প্যানেল আইনজীবীগণের সিডিউল অব ফি তৈরি করে আগামী সমন্বয় সভার পূর্বে এ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | সমাজসেবা অধিদপ্তর |
| ০৬. | প্রশিক্ষণ | (ক) মন্ত্রণালয়ের কর্মকর্তা/কর্মচারীদের সচেতনতা বৃদ্ধির বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা মর্মে নির্দেশনা প্রদান করেন।<br>(খ) সভাপতি বলেন, শাখায় নথি পত্র খুঁজে পাওয়া যায় না। এসব কারণে চাকরি চলে যায় এবং শাস্তি হয়। তাই অফিসারদের নিয়ে নথি খোলা, নথি | (ক) মন্ত্রণালয়ের কর্মকর্তা/ কর্মচারীদের সচেতনতা বৃদ্ধির বিষয়ে প্রশিক্ষণ প্রদান করতে হবে।<br>(খ) মন্ত্রণালযের কর্মকর্তাগণকে নিয়ে নথি ব্যবস্থাপনা, নথি খোলা, ফাইল রেজিস্ট্রার, ফাইল মুভম্যান্ট এবং | অতিরিক্ত সচিব (প্রশাসন) এবং প্রশাসন-১ অধিশাখা |



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | ব্যবস্থাপনা এবং রেজিস্ট্রার পরিচালনা বিষয়ে জনপ্রশাসনের একজন অভিজ্ঞ প্রশিক্ষণ দিয়ে ৩/৪ ঘন্টার একটি প্রশিক্ষণ আয়োজন করার নির্দেশনা প্রদান করেন। | নোট লিখার বিষয়ে দিনব্যাপী প্রশিক্ষণের আয়োজন করতে হবে। | |
| | | (গ) সভাপতি বলেন, DPP ও Prodoc কি এবং এদের পার্থক্য কি-এ বিষয়ে প্রশিক্ষণ দেয়া এবং ADP, RNDPP, TAPP, PPA, PPR, Case Management ইত্যাদি বিষয়ে ২০-২১ জানুয়ারি ২০২৬ তারিখের মধ্যে প্রশিক্ষণের ব্যবস্থা করার মর্মে নির্দেশনা প্রদান করেন যেখানে সভাপতি নিজেও উপস্থিত থাকবেন। | (গ) DPP ও Prodoc কি এবং এদের পার্থক্য কি-এ বিষয়ে প্রশিক্ষণ দেয়ার নির্দেশনা প্রদান করা হয়। এছাড়া ADP, RADP, PPA, PPR, Case Management বিষয়ে প্রশিক্ষণ দিতে হবে। | |
| | | (ঘ) বার্ষিক কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা মোতাবেক ইনহাউজ প্রশিক্ষণে **"আদালতে বিচারাধীন মামলার ব্রুল নিশি, কেস নথি ও দফাওয়ারী জবাব প্রস্তুত"** বিষয়ে প্রশিক্ষণ প্রদান করার বিষয়ে আলোচনা করা হয়।<br><br>(ঙ) এ মন্ত্রণালয়ের সাথে ভেটিং করে আইন মন্ত্রণালয়ের এমন কোন অভিজ্ঞ কর্মকর্তা দ্বারা কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণের ব্যবস্থা করার নির্দেশনা প্রদান করেন। | (ঘ) বার্ষিক কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা মোতাবেক সকল প্রশিক্ষণ নির্ধারিত সময়ে আয়োজন করতে হবে। আদালতের মামলার রায় বুঝা, কেস নথি প্রস্তুত, রুল নিশি এবং বিচারাধীন মামলার দফাওয়ারী জবাব প্রস্তুতের উপর প্রশিক্ষণ প্রদান করতে হবে।<br><br>(ঙ) এ মন্ত্রণালয়ের সাথে ভেটিং করে আইন মন্ত্রণালয়ের এমন কোন অভিজ্ঞ কর্মকর্তা দ্বারা কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান করতে হবে। | প্রশাসন অনুবিভাগ এবং সমাজসেবা অধিদপ্তর |
| ০৭. | অডিট আপত্তি | সমাজকল্যাণ মন্ত্রণালয় ও এর আওতাধীন অধিদপ্তর/ সংস্থাসমূহের অক্টোবর, ২০২৫ পর্যন্ত মোট ১৮০১টি (Non-SFI-১১৯৫টি, SFI-৬১২টি) অনিষ্পন্ন অডিট আপত্তির বিষয়ে আলোচনা হয়।<br>সভাপতি বলেন, সমাজসেবা অধিদপ্তর, বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ ও জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন কে গত ৩ বছরে বা ৫ বছরে কতগুলো ব্রডশীট জবাব দিয়েছে এবং অবশিষ্ট অডিট আপত্তিগুলোর জবাব দেয়া হয়নি কেন সে বিষয়ে পত্র দিতে হবে। এছাড়া, সভাপতি বলেন, অডিট আপত্তি উপস্থাপনে আলাদা একটি কলাম যোগ করে ৩ বছর অথবা ৫ বছরের উর্ধ্বে কয়টি অডিট আপত্তি আছে তা উল্লেখ করতে হবে এবং নিষ্পন্ন ও অনিষ্পন্নকৃত অডিট আপত্তির টাকার অঙ্কের পরিমাণ উল্লেখ করার বিষয়ে সভায় আলোচনা হয়। সভাপতি আরও বলেন, যুগ্মসচিব (পরিকল্পনা ও উন্নয়ন অধিশাখা), অতিরিক্ত সচিব (সামাজিক নিরাপত্তা কার্যক্রম ও মূল্যায়ন অনুবিভাগ) এবং অতিরিক্ত সচিব (প্রশাসন) এর সমন্বয়ে অডিট আপত্তি নিষ্পত্তির বিষয়ে প্রকল্প পরিচালকদের সাথে একটি সভা করতে হবে এবং ব্রডশীট জবাব | (১) অনিষ্পন্ন অডিট আপত্তিগুলো দ্রুত নিষ্পত্তি করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>(ক) গত ৩ বছরে বা ৫ বছরে কতগুলো ব্রডশীট জবাব দিয়েছে এবং অবশিষ্ট অডিট আপত্তিগুলোর জবাব কেন দেয়া হয়নি সে বিষয়ে অধিদপ্তর/ সংস্থাকে পত্র দিতে হবে।<br><br>(খ) অডিট আপত্তি উপস্থাপন ছকে ডানদিকে আলাদা একটি কলাম যোগ করে ৩ বছর অথবা ৫ বছরের উর্ধ্বে কয়টি অডিট আপত্তি আছে তা উল্লেখ করতে হবে। একইসাথে নিষ্পন্ন ও অনিষ্পন্নকৃত অডিট আপত্তির টাকার অঙ্কের পরিমাণ ছকে লিখতে হবে।<br>(গ) যুগ্মসচিব (পরিকল্পনা ও উন্নয়ন অধিশাখা), অতিরিক্ত সচিব (সামাজিক নিরাপত্তা কার্যক্রম ও মূল্যায়ন অনুবিভাগ) এবং অতিরিক্ত সচিব (প্রশাসন) এর সমন্বয়ে অডিট | বাজেট ও ব্যবস্থাপনা অধিশাখা এবং বাজেট ও অডিট অধিশাখা |



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | যৌক্তিকতাসহ সাবলীল ভাষায় লেখার বিষয়ে নির্দেশনা প্রদান করেন। | আপত্তি নিষ্পত্তির বিষয়ে প্রকল্প পরিচালকদের সাথে একটি সভা করতে হবে এবং ব্রডশীট জবাব যৌক্তিকতাসহ সাবলীল ভাষায় লিখতে হবে। | |
| ০৮. | সমাপ্ত প্রকল্পের ৭২টি অবকাঠামো এবং ৫৯টি অব্যবহৃত ভবনের তথ্য নির্ধারিত ছক অনুযায়ী প্রেরণ | যৌথ অর্থায়নে বাস্তবায়িত সমাজসেবা অধিদপ্তরের সমাপ্ত প্রকল্পের ৭২টি অবকাঠামোর তথ্য পাওয়া গিয়েছে এবং ৫৯টি পুরাতন (অব্যবহৃত) ভবনের বিষয়ে মাননীয় উপদেষ্টার একান্ত সচিবের সাথে কথা বলে সভার তারিখ নেয়ার বিষয়ে সভায় আলোচনা হয়। | সমাজসেবা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত সমাপ্ত প্রকল্পের ৭২টি অবকাঠামো এবং ৫৯টি পুরাতন (অব্যবহৃত) ভবনের ব্যবহার বিষয়ে মাননীয় উপদেষ্টার একান্ত সচিবের সাথে কথা বলে সভার তারিখ নিতে হবে। | পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ এবং প্রতিষ্ঠান ও প্রতিবন্ধিতা অনুবিভাগ |
| ০৯. | বেসরকারি এতিমখানা ও স্বেচ্ছাসেবী সংস্থার তথ্য ছক অনুযায়ী প্রেরণ | এ মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত ছক অনুযায়ী বেসরকারি এতিমখানা ও স্বেচ্ছাসেবী সংস্থার ৬২ জেলার তথ্য পাওয়া গিয়েছে। হার্ডকপি ২৮ ডিসেম্বর ২০২৫ তারিখ পাঠানোর নির্দেশনা প্রদান করা হয়। | বেসরকারি এতিমখানা ও স্বেচ্ছাসেবী সংস্থার তথ্য মন্ত্রণালয়ের নির্ধারিত ছক অনুযায়ী অবশিষ্ট ০২ জেলার (ঢাকা ও গাজীপুর) তথ্য আগামী সমন্বয় সভার পূর্বে প্রেরণ করতে হবে। | প্রশাসন অনুবিভাগ এবং প্রতিষ্ঠান ও প্রতিবন্ধিতা অনুবিভাগ এবং সমাজসেবা অধিদপ্তর |
| ১০. | বিবিধ:<br>(ক) সমন্বিত শিশু পুনর্বাসন কেন্দ্র | ১৭টি জেলায় অবস্থিত *'সমন্বিত শিশু পুনর্বাসন কেন্দ্র'* এর কার্যক্রম পরিচালনার জন্য সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ)-এর সভাপতিত্বে ১৭ নভেম্বর ২০২৫ তারিখে সভা অনুষ্ঠিত হয়। | *'সমন্বিত শিশু পুনর্বাসন কেন্দ্র'* এর স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত এবং প্রতিষ্ঠানসমূহের কার্যক্রম পর্যালোচনার জন্য গঠিত কমিটিকে আগামী ০৩ (তিন) সপ্তাহের মধ্যে সভা করতে হবে। | পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ এবং সমাজসেবা অধিদপ্তর |
| | (খ) বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত এমপিওভুক্ত শিক্ষক কর্মচারীদের ন্যায় ৫০% হারে উৎসব ভাতা প্রদান সংক্রান্ত | বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত এমপিওভুক্ত শিক্ষকগণ ও কর্মচারীদের ন্যায় জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন এর আওতাধীন প্রতিবন্ধী বিদ্যালয়ে কর্মরত শিক্ষকগণের বর্ধিত ৫০% হারে উৎসব ভাতা প্রদানের জন্য ২৩ জুন ২০২৫ তারিখে অর্থ বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে। এ বিষয়ে সভাপতি তাগিদপত্র দেয়ার নির্দেশনা প্রদান করেন। | বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত এমপিওভুক্ত শিক্ষক কর্মচারীদের ন্যায় ৫০% হারে উৎসব ভাতা প্রদানের বিষয়ে অর্থ বিভাগকে পত্র প্রেরণ করতে হবে। | প্রতিষ্ঠান ও প্রতিবন্ধিতা অনুবিভাগ এবং জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন |

০৫। নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্টের ৪টি পদের নিয়োগ কার্যক্রম সফলভাবে সম্পন্ন করায় পরিচালক (উপসচিব), জনাব মুছাম্মৎ শাহীনা আক্তার-কে সভায় অভিনন্দন জানায়। বাংলাদেশ রিহ্যাবিলিটেশন কাউন্সিলের কাজ পুনর্গঠন এবং নির্বাহী কমিটি করার জন্য সভায় রেজিস্ট্রার (যুগ্মসচিব), জনাব মোহাম্মদ হারুন অর রশিদ-কে ধন্যবাদ জানানো হয়েছে। এছাড়াও, পথ শিশুদের ফাইনাল কার্যক্রম ও ডাটাবেজ এর কাজ শুরু করায় জনাব নার্গিস খানম, অতিরিক্ত সচিব (সামাজিক নিরাপত্তা কার্যক্রম ও মূল্যায়ন অনুবিভাগ) এবং মোহাম্মদ নাজমুল আহসান, যুগ্মসচিব (পরিকল্পনা ও উন্নয়ন অধিশাখা)-কে সভায় ধন্যবাদ জানানো হয়েছে।

০৬। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
০৪-০১-২০২৬ খ্রি.
ড. মোহাম্মদ আবু ইউছুফ
সচিব
সমাজকল্যাণ মন্ত্রণালয়



CamScanner

স্মারক নম্বর ৪১.০০.০০০০.০০০.০১৮.০৬.০০১৪.২৫.১৯০ তারিখ: ২০ পৌষ ১৪৩২ / ০৪ জানুয়ারি ২০২৬

বিতরণ: সদয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) সকল অতিরিক্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২) মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা;
৩) ব্যবস্থাপনা পরিচালক, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, মিরপুর-১৪, ঢাকা;
৪) সকল যুগ্মসচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৫) নির্বাহী সচিব, বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ, ইস্কাটন, ঢাকা;
৬) রেজিস্ট্রার, বাংলাদেশ রিহ্যাবিলিটেশন কাউন্সিল, ঢাকা;
৭) সকল উপসচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৮) ব্যবস্থাপনা পরিচালক, নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট, মিরপুর-১৪, ঢাকা;
৯) চীফ অ্যাকাউন্টস অ্যান্ড ফিন্যান্স অফিসার, সমাজকল্যাণ মন্ত্রণালয়, সিজিএ ভবন (৪র্থ তলা), সেগুনবাগিচা, ঢাকা;
১০) নির্বাহী পরিচালক, শারীরিক প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট, স্টেশন রোড, টংগী, গাজীপুর;
১১) নির্বাহী পরিচালক, শেখ জায়েদ বিন সুলতান আল নাহিয়ান ট্রাস্ট, মিরপুর, ঢাকা;
১২) পরিচালক, প্রশাসন ও অর্থ/কার্যক্রম/সামাজিক নিরাপত্তা/প্রতিষ্ঠান, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা;
১৩) সকল পরিচালক, সমাজসেবা বিভাগীয় কার্যালয়, ঢাকা/সিলেট/খুলনা/চট্টগ্রাম/বরিশাল/ময়মনসিংহ/রাজশাহী/রংপুর/;
১৪) সিস্টেম এনালিস্ট, সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
১৫) সকল সিনিয়র সহকারী সচিব/প্রোগ্রামার/সহকারী সচিব/সহকারী প্রোগ্রামার, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১৬) সিনিয়র তথ্য অফিসার (জনসংযোগ কর্মকর্তা), সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১৭) হিসাবরক্ষণ কর্মকর্তা, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১৮) সকল প্রশাসনিক কর্মকর্তা, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

*** সংশ্লিষ্ট সকলকে ০৮ জানুয়ারি ২০২৬ তারিখের মধ্যে সমন্বয় সভার সিদ্ধান্তের আলোকে গৃহীত কার্যক্রম ও অগ্রগতি প্রতিবেদন (নিকষ ফন্টে সফট্ ও হার্ড কপি) প্রশাসন-৩ শাখায় প্রেরণ করার নিমিত্ত নির্দেশক্রমে অনুরোধ করা হলো।**

০৪.০১.২৬

শিরীন সুলতানা
উপসচিব
☏ ৫৫১০০৭৬০
**E-mail:** **parliament_mosw@yahoo.com**

জ্ঞাতার্থে:

১। সচিবের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।



CamScanner